



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২২-০৭-২০২৩

সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০২৩ এর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ঢাকা, ২২ জুলাই ২০২৩: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ শনিবার (২২ জুলাই ২০২৩) ঢাকা সেনানিবাসের সেনাকুঞ্জে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০২৩' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ১ম পর্বের এই পদোন্নতি পর্ষদে বাংলাদেশ সেনাবাহিনীর কর্নেল ও লেঃ কর্নেল পদবির যোগ্য কর্মকর্তাগণ পরবর্তী পদোন্নতির জন্য বিবেচিত হবেন।

পদোন্নতি পর্ষদের বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেনাবাহিনীতে পদোন্নতির ক্ষেত্রে ব্যক্তিগত পছন্দের উর্ধ্বে উঠে সং, যোগ্য, দক্ষ এবং দেশপ্রেমিক কর্মকর্তাদেরকে নির্বাচিত করার জন্য উপস্থিত জ্যেষ্ঠ সেনা কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। জাতির পিতার হাতে গড়া সেনাবাহিনী জনগণের যে আস্থা ও বিশ্বাস অর্জন করেছে, তা ধরে রাখার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। প্রযুক্তিগত উৎকর্ষের পাশাপাশি সেনাসদস্যদের পেশাগত মানোন্নয়নের উপরও তিনি গুরুত্বারোপ করেন। সামগ্রিক উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে সেনাবাহিনীকে শক্তিশালী ও যুগোপযোগী বাহিনী হিসেবে গড়ে তুলতে বর্তমান সরকার বদ্ধপরিকর বলে তিনি তাঁর বক্তব্যে সরকারের সদিচ্ছার কথা পুনর্ব্যক্ত করেন। এছাড়াও, বাংলাদেশ সেনাবাহিনী আজ শুধু দেশের প্রতিরক্ষার কাজে নয় বরং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবিচ্ছেদ্য অংশীদার। দেশের যেকোন দুর্যোগে বাংলাদেশ সেনাবাহিনী জনগণের পাশে দাঁড়িয়ে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে বলেও উল্লেখ করেন মাননীয় প্রধানমন্ত্রী।

অনুষ্ঠানস্থলে পৌঁছালে মাননীয় প্রধানমন্ত্রীকে স্বাগত জানান প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অবঃ) তারিক আহমেদ সিদ্দিক, আরসিডিএস, পিএসসি এবং সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি। শত কর্মব্যস্ততার মাঝেও সশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পর্ষদ উদ্বোধন করায় সেনাবাহিনী প্রধান মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। সেনাসদর নির্বাচনী পর্ষদের উদ্বোধনী অনুষ্ঠানে সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের পাশাপাশি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং প্রধানমন্ত্রীর প্রেস সচিব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষে মাননীয় প্রধানমন্ত্রী সেনাবাহিনীর উপস্থিত কর্মকর্তাগণের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন এবং পরিদর্শন বইয়ে মন্তব্য লিপিবদ্ধ করেন।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮